

189

তারিখ 03 NOV-1987...  
পৃষ্ঠা... 4... কলাম... 3...

**প্রাইভেট বিশ্ববিদ্যালয়  
আশীর্বাদস্বরূপ**

'পণ্ডিত মরে তত্ত্ব নিয়ে, মূর্খ মরে তর্ক নিয়ে' অতএব আমি এসবে নেই। গত ২৩-১০-৮৭ ইং তারিখে সংবাদ-এ উপস্থাপনকীয় কলামে 'প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ে ধর্মীয় সম্মানরায় শুধু উচ্চ শিক্ষার সুযোগ পাবে, শিক্ষা সংকোচন করার এটা কৌশল, এটা কোন যুক্তি নয়। -- জনাব অনিচ্ছের উক্ত বক্তব্যের সাথে আমি একমত। অবশ্য আমি মানুষের যে মেধা ও বুদ্ধি দেশ ও জাতির কল্যাণে না আসে সে ধরনের বস্তাপচা সনাতনী বিদ্যা ও পাণ্ডিত্যের ঘোর বিরোধী। এমতাবস্থায় আমাদের মত অনুরত দেশের প্রেক্ষাপটে প্রকৃত গণমুখী শিক্ষানীতি যদি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে গ্রহণ করা হয় তবে 'পিঠের চামড়া দিয়ে ডুগুড়ি' বাজার আশংকা জনাব অনিচ্ছসহ আরো হাজারো মন থেকে চিরতরে অন্তহিত হবে। তাছাড়া বিশ্ববিদ্যালয়টি যেহেতু আমাদের দেশের মাটিতে গড়ে উঠবে সেহেতু দেশের সংস্কৃতি, ঐতিহ্যের ধারক বাহক শহীদ মিনার গড়ার অধিকার তো থাকবে সাথে সাথে দেশের অপরাপর বিশ্ববিদ্যালয়ের সাথে মর্যাদার সহিত শহীদ দিবস, বিজয় দিবস, স্বাধীনতা দিবস এই মহান দিবসগুলো উদযাপন করবে-- এতে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষের নিশ্চয়ই ইসলামী বিশ্ববিদ্যালয়ের মত আপত্তি থাকবে না। পাঠ্যসূচীতে নিশ্চয়ই রাজনীতি নিরপেক্ষ মূল্যবোধ সম্পর্কিত বইপুস্তক অন্তর্ভুক্ত করা সম্ভব নয় যদি না সেটাতে শুধু কারিগরি কিংবা বাবহারিক বিজ্ঞানের বিষয়াদি অন্তর্ভুক্ত করা হয়। সাংস্কৃতিক সংসদ গড়া, ম্যাগাজিন বের করা এসবের অধিকার দিতে হবে ছাত্রছাত্রীদের শিক্ষার খাতিরে। অতএব এসবের ভেতর দিয়ে (যদি কলা, বাণিজ্য,

**কৃষি বিশ্ববিদ্যালয়ে সেশন জট**

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে সেশন জটের জন্য চার বছরের কোন শেষ করতে ৬/৭ বছর লাগে। বিভিন্ন সময়ে বিভিন্ন কারণে অকার্যে, হুমকির মুখে পরীক্ষা পিছিয়ে যাচ্ছে। কোন পরীক্ষাই রুটিন মত সমাপ্ত হয়েছে এমন নজীর নেই।

এদিকে চাকরিতে নিয়োগ-বহু। অপর দিকে সেশন জটের জন্য চাকরির বয়সসীমা ২৭ অতিক্রম করার মধ্যে অনেক ছাত্র।

এসব পরিস্থিতি বিশ্ববিদ্যালয় কতৃপক্ষের নিকট আবেদন-মধ্যসময়ে পরীক্ষা গ্রহণ করুন।

মো: লুৎফর রহমান,  
কৃষি (সম্মান) ২য় বর্ষ,  
বাংলাদেশ কৃষি কলেজ,  
শেরবাংলা নগর, ঢাকা।

সমাজবিজ্ঞানের বিষয়াদি অন্তর্ভুক্ত করে তবে তো কথাই নেই)। যে মূর্খ রাজনৈতিক মূল্যবোধ ছাত্রছাত্রীর ভেতর সৃষ্টি হবে তারই বাবাহারিক দিক ফুটে ওঠে রাজনৈতিক কর্মতৎপরতার মধ্য দিয়ে, যেখান থেকে বেরিয়ে আসে আগামীদিনের সঠিক নেতৃত্ব। ছাত্রছাত্রীদের জ্ঞান দানের লক্ষ্যেই এ বিষয়টিকে খাটো করে দেখার কোন যৌক্তিকতা নেই। সুতরাং রাজনৈতিক-নিরপেক্ষ বিশ্ববিদ্যালয় গড়া সত্যি সত্যি অসম্ভবের গান। এমতাবস্থায় সরকারের আন্তরিক সহযোগিতা থাকলে প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে অল্প ও সম্মানসূক্ত করে সেশন জট কনিয়ে ছাত্রছাত্রীদের জীবনের অমূল্য সময় বাচানোর উদ্যোগ নিলে, তা বাস্তবায়ন সম্ভব। কেননা শুরু থেকেই যদি কতৃপক্ষ সংবেদনশীল হন তবে এটা কোন ব্যাপারই নয়। দেশের ক্ষমবর্ধমান জনসংখ্যার প্রেক্ষিতে সর্বস্তরের শিক্ষা প্রতিষ্ঠান বৃদ্ধির গুরুত্ব বুদ্ধি পাচ্ছে। প্রাইভেট বিশ্ববিদ্যালয় আংশিক হলেও সাধারণ ছাত্রছাত্রীর ভর্তি সমস্যা লাধবে ভূমিকা রাখবে, যা আমাদের মত দেশে কোন মতেই উপেক্ষার বিষয় নয়। অবশ্য আমাদের মত অনুরত দেশে উন্নত দেশের ধাঁচে প্রাইভেট বিশ্ববিদ্যালয় গড়ার ঘোর বিরোধী কেউ কেউ হয়ত থাকবেন, এতে আশ্চর্য হবার কিছু নেই। আমার মতে সর্ববিধ মত-মৈত্রীতে ভুলে প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে আমাদের জন্য আশীর্বাদ বলে মেনে নেয়া উচিত। এ ধরনের শুভ উদ্যোগ খুবই প্রশংসার দাবীদার।

রিয়াজ রাহমান  
অর্থনীতি বিভাগ চ, বিশ্ববিদ্যালয়।

**সন্তোষপুর প্রাথমিক  
বিদ্যালয়ে অনুদান চাই**

চাঁদপুর জেলার প্রাথমিক বিদ্যালয়গুলির আ বাবপত্র তৈরী করার জন্য সরকারীভাবে বার লাখ টাকা মঞ্জুর করা হয়েছে বলে আনন্দিত। উল্লেখ থাকে যে, ফরিদগঞ্জ উপজেলাধীন সন্তোষপুর প্রাথমিক বিদ্যালয়ে বর্তমানে প্রায় দুই/আড়াইশ' ছাত্রছাত্রী অধ্যয়নরত আছে, কিন্তু দুঃখের বিষয় বিদ্যালয়টিতে মাত্র ৩/৪ টি বেঞ্চ, ৩টি চেয়ার ও ৩টি টেবিল আছে।

তাই সংশ্লিষ্ট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট আমার আকুল আবেদন, উল্লেখিত বিদ্যালয়টির আসবাবপত্র তৈরী করার জন্য দশ হাজার টাকা মঞ্জুর করলে অত্র বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণ চিরকৃতজ্ঞ থাকবে।

খাজা আহমেদ  
সন্তোষপুর, ফরিদগঞ্জ, চাঁদপুর।